# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৩৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯৯. যিনি বলেন, সালাম ফিরানোর পর সাহু সিজদা্ দিবে

باب مَنْ قَالَ بَعْدَ التَّسْلِيمِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا حَجَّاجٌ، عَنِ ابْنِ جُرَيْجٍ، أَخْبَرَنِي عَبْدُ اللهِ بْنُ مُسَافِعٍ، أَنَّ مُصْعَبَ بْنَ شَيْبَةَ، أَخْبَرَهُ عَنْ عُتْبَةَ بْنِ مُحَمَّدِ بْنِ الْحَارِثِ، عَنْ عَبْدِ اللهِ بْنِ جَعْفَرٍ، أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم قَالَ " مَنْ شَكَّ فِي صَلاَتِهِ فَلْيَسْجُدْ سَجْدَتَيْنِ بَعْدَ مَا يُسَلِّمُ " .

ـ ضعيف

বাংলা

১০৩৩। ’আবদুল্লাহ ইবনু জা’ফর (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সালাতরত অবস্থায় কারো সন্দেহ হলে সে যেন সালাম ফিরানোর পর দু’টি সিজদা্ করে নেয়।[1]

দুর্বল।

## English

Narrated Abdullah ibn Ja'far:

The Prophet (ﷺ) said: Anyone who is in doubt in his prayer should make two prostrations after giving the salutation.

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : সাহু, হাঃ ১২৪৮), আহমাদ (১/২০৪, হাঃ১৭৪৭) সকলে ইবনু জুরাইজ হতে। আহমাদ

শাকির বলেন, এর সানাদ সহীহ। ‘আবদুল্লাহ মুসাফি‘ এর অবস্থা মাসতূর (লুপ্ত)। তার দোষ গুণ কিছুই আমি পাইনি। আলবানী একে দুর্বল বলেছেন। হাফিয ইবনু হাজার ‘আত-তাক্বরীব’ গ্রন্থে ‘আবদুল্লাহ ইবনু মুসাফি‘ এর ব্যাপারে নীরব থেকেছেন এবং কিছুই বলেননি। আর সনদের মুস‘আব ইবনু শায়বাহ সম্পর্কে হাফিয বলেনঃ তিনি হাদীস বর্ণনায় শিথিল। সুতরাং হাক্ব কথা হচ্ছে এর সানাদ দুর্বল। কারণ এতে একজন অজ্ঞাত এবং আরেকজন শিথিল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু জা‘ফার (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58351

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন